# ঢাবি সিনেট অধিবেশন
# অনাকাঙ্ক্ষিত দৃশ্যপট

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ২৮তম উপাচার্য প্যানেল নির্বাচনের জন্য সিনেটের অধিবেশন অনুষ্ঠিত হয়েছে শনিবার। বিশ্ববিদ্যালয় আইন অনুযায়ী এ অধিবেশনে তিন সদস্যের প্যানেল নির্বাচিত হয়েছে। অধিবেশনে উপস্থিত ছিলেন ৪৭ জন সদস্য এবং তারা সর্বসম্মতভাবে প্যানেলটি পাস করেন। বর্তমান উপাচার্য ড. আ আ ম স আরেফিন সিদ্দিক রয়েছেন এ প্যানেলে এবং অনেকের ধারণা, তৃতীয় মেয়াদে তিনিই দেশের শীর্ষস্থানীয় এ শিক্ষা প্রতিষ্ঠানের সর্বোচ্চ পদে আসীন হবেন। ঢাকা বিশ্ববিদ্যালয় সিনেটের সদস্য ১০৫ জন। এর মধ্যে শিক্ষকদের জন্য ৩৫ এবং বিশ্ববিদ্যালয় থেকে পাস করা সাবেক গ্র্যাজুয়েটদের জন্য রয়েছে ২৫টি আসন। বাকিরা মনোনীত। বর্তমান সিনেটে মনোনীত ও নির্বাচিতদের ৫০টি পদ খালি রয়েছে এবং এ কারণে বিশ্ববিদ্যালয় পরিচালনার সর্বোচ্চ এ প্রতিষ্ঠানকে 'খণ্ডিত' বলা হচ্ছে। সিনেট অধিবেশন শুরুর আগে কয়েকটি ছাত্র সংগঠনের কর্মীরা ছাত্র প্রতিনিধি ছাড়া অধিবেশন আয়োজনের বিরোধিতা করে প্রতিবাদ জানায়। এ সময়ে ছাত্র ও কয়েকজন শিক্ষকের মধ্যে হাতাহাতির ঘটনা ঘটে। এমন ঘটনা মর্যাদাবান ও গৌরবের এ প্রতিষ্ঠানের জন্য লজ্জার। সিনেটের বিরোধিতাকারী ছাত্রদের সমাবেশে সাধারণ ছাত্রছাত্রীদের উপস্থিতি ছিল না। বিক্ষোভকারীদের পক্ষে সিনেট অধিবেশন ভণ্ডুল করা সম্ভব ছিল না। তারা সিনেট সদস্যদের সিনেট ভবনে প্রবেশে বাধা দিতে চেয়েছে এবং এটা নিছকই ছিল প্রতীকধর্মী আয়োজন। প্রতিবাদকারীদের বাধা দিতে গিয়ে কয়েকজন শিক্ষক ধৈর্য ও সংযমের পরিচয় দিতে ব্যর্থ হয়েছেন– সংবাদপত্র ও টেলিভিশনের ছবি দেখে এমন ধারণা স্বাভাবিক। আমরা যদি ধরেও নিই, ছাত্র সংগঠনের কোনো কোনো কর্মী বাড়াবাড়ি করেছে এবং শিক্ষকদের অসম্মান করেছে; কিন্তু শিক্ষকরা কেন ধৈর্য হারাবেন? তারা ছাত্রদের বোঝানোর জন্য সময় নিতে পারতেন। ঢাকা ও রাজশাহী বিশ্ববিদ্যালয়সহ বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে পুলিশের লাঠিপেটার হাত থেকে ছাত্রছাত্রীদের রক্ষার জন্য শিক্ষকরা নির্ভীকভাবে এগিয়ে গেছেন– এমন নজির অনেক। কিন্তু শনিবার যে মন্দ নজির স্থাপিত হলো!

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| সিস্টেম এনালিস্ট | |
| সিস্টেম ম্যানেজার | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর